# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

www.nu.edu.bd অথবা www.nu.edu.bd/203

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/৩য় বর্ষ অনার্স/বিজ্ঞপ্তি/০২/২০১৪/২০১৫/৭৩৪ তারিখ ঃ ১৯ অগ্রহায়ন ১৪২২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০১৫ খ্রস্টাব্দ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা আগামী জানুয়ারী-২০১৬ মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী যথাসময়ে প্রকাশ করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online-এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ ঃ

| ক্রম | পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ | টাকা | আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রির শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ (জরিমানা ছাড়া) | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১. | তত্ত্বীয় (প্রতি পূর্ণ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | ১৩/১২/২০১৫খ্রিঃ<br>রবিবার<br>থেকে<br>৩০/১২/২০১৫খ্রিঃ<br>বুধবার | ৩১/১২/২০১৫খ্রিঃ<br>বৃহস্পতিবার<br>রাত ১১.৫৯ টা | ০৩/০১/২০১৬খ্রিঃ<br>রবিবার<br>সকাল ১০.০০টা<br>থেকে<br>০৪/০১/২০১৬খ্রি<br>সোমবার বিকাল<br>৪.০০টা পর্যন্ত | ০৭/০১/২০১৬খ্রিঃ<br>বৃহস্পতিবার |
| ২. | তত্ত্বীয় (প্রতি অর্ধ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ১৪০/- | | | | |
| ৩. | ব্যবহারিক (প্রতি কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | | | | |
| ৪. | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে। | ৩৫০/- | | | | |
| ৫. | কেন্দ্র ফি ব্যবহারিক(প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে | ১২০/- | | | | |
| ৬. | ইন-কোর্স পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ১০০/- | | | | |
| ৭. | বিশেষ অন্তর্ভূক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী - বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | | |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরম পূরনের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।**

## আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যন্য নিয়মাবলী ঃ

আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম ইত্যাদির জন্য পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd থেকে প্রিন্ট করে অথবা প্রিন্ট কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফি সহ সংশ্লিষ্ট কলেজের স্ব-স্ব বিভাগে ফরম জমা দিতে হবে।

**১। ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহনের শর্তাবলী ঃ**

**ক) নিয়মিত ঃ** ২০১১-২০১২ শিক্ষাবর্ষের যে সকল ছাত্র/ছাত্রী ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে **তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে** কেবল মাত্র সে সকল ছাত্র/ছাত্রীরা ২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**খ) অনিয়মিত ঃ** ২০০৯-১০ এবং ২০১০-২০১১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১২ বা ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ /প্রমোটেড হয়েছে কিন্তু তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল শিক্ষার্থীরা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করবে।

একই বর্ষে পর পর ২(দুই) বার পরীক্ষায় অংশগ্রহণ নাকরলে বা ২(দুই) বার অংশগ্রহণ করে Not promoted হলে তার অনার্স কোর্স বাতিল বলে গণ্য হবে।

**গ) গ্রেড উন্নয়ন ঃ** যে সকল শিক্ষার্থী তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে কিন্তু ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল শিক্ষার্থীরা যে সকল কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

❖ যে সকল শিক্ষার্থী তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বর্ষে উত্তীর্ণ/অনুত্তীর্ণ/নট প্রমোটেড হয়েছে এবং এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্স পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

❖ সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমুহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে ছয় শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। এফ গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে মানোন্নয়নের সুযোগ থাকবে না।

❖ যে সকল শিক্ষার্থী ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় একটি কোর্সে অনুপস্থিত থেকে ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে সে সকল শিক্ষার্থী ২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

❖ ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

## ২। অনার্স পাঠ্যসূচী (Syllabus) ঃ

২০০৯-২০১০, ২০১০-২০১১এবং২০১১-২০১২ শিক্ষাবর্ষের নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**ক)** ১০০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৮০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ১৫ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৫ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। একই ভাবে ৫০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৪০ নম্বর চুড়ান্ত পরীক্ষা, ০৭ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৩ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। ইন-কোর্স এবং ক্লাস উপস্থিতির নম্বর যোগ করে প্রতিটি কোর্সকোডের বিপরীতে একসাথে অনলাইনে প্রেরণ করতে হবে এবং প্রেরণকৃত নম্বরের প্রিন্টআউট সংশ্লিষ্ঠ শাখায় হাতে হাতে জমা দিতে হবে। এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত পরীক্ষা রেগুলেশনের কোর্সভিত্তিক নম্বর বন্টন অনুসরণ করতে হবে। ইন-কোর্স নম্বর প্রেরণ সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী যথাসময়ে www.nu.edu.bd/203 এ প্রকাশ করা হবে।

খ) প্রতি পূর্ণকোর্স ০৪ (চার) ক্রেডিট। পূর্ণমান-৮০, পরীক্ষার সময় ০৪ (চার) ঘন্টা।

গ) প্রতি অর্ধকোর্স ০২ (দুই) ক্রেডিট। পূর্ণমান-৪০, পরীক্ষার সময় ২.৫ (আড়াই) ঘন্টা।

### ঘ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নুন্যতম যোগ্যতাঃ

- ❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য পরীক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ❖ ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে।
- ❖ একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- ❖ Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর শুধুমাত্র F গ্রেড পাওয়া কোর্সে কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

## ৩। কলেজের জন্য করণীয় ঃ

- ❖ আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা (On line) এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নিশ্চয়ন করে প্রথমে বিভাগয়ি প্রধান অত:পর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।
- ❖ প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাচপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশ পত্র বিতরণ করতে হবে।
- ❖ নিশ্চয়ন সম্পন্ন হলে (On line) এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে।
- ❖ তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। সুতরাং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।
- ❖ নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।
- ❖ পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

## ৪। ফি জমাদানের পদ্ধতিঃ

- ❖ অনিয়মিত ও গ্রেড উননয়ন পরীক্ষার্থীদের জন্য ২০১৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/203 থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।
- ❖ সংশ্লিষ্ট কলেজ www.nu.edu.bd/203 **ওয়েবসাইট অথবা কলেজের ই-মেইল এড্রেস**-এ Login করে pay slip ডাউনলোড করবে। pay slip -এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লিখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ❖ pay slip সংগ্রহের জন্য ৯/১২/২০১৫ তারিখ বুধবার সকাল ১০.০০ টা থেকে ১০/১২/২০১৫ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪.০০টা পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ❖ **"সোনালী সেবা" সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।**

## ৫। বিবরণী ফরম পূরণ/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য) ঃ

- ❖ নিয়মিত পরীক্ষার্থীদের বিবরণী ফরম আলাদা ভাবে তৈরী করার প্রয়োজন নেই অর্থাৎ অনার্স বিষয়ভিত্তিক সকল পরীক্ষার্থীর ডাটা একসাথে এন্ট্রি করা যাবে।
- ❖ আবেদন ফরমে পরীক্ষার্থীর অংশ থেকে পরীক্ষার্থীর বর্তমান কলেজ কোড, রেজিস্ট্রেশন নম্বর ও কোর্সকোড নির্ধারিত সফটওয়ারের মাধ্যমে এন্ট্রি করতে হবে। এ ক্ষেত্রে নিয়মিত পরীক্ষার্থীদের শুধুমাত্র নির্বাচনী কোর্সকোড এন্ট্রি করতে হবে।
- ❖ প্রতিটি কলেজের প্রতিটি বিষয়ের জন্য আলাদা আলাদা পাসওয়ার্ড দিয়ে log-in করতে হবে। কলেজ কর্তৃপক্ষকে অবশ্যই On-line এ ডাটা এন্ট্রি করার পূর্বেই কলেজ প্রোফাইলে log-in করে বিষয়ভিত্তিক User ID & Password create/সংগ্রহ করে নিতে হবে।
- ❖ অনার্স বিষয়ভিত্তিক বিবরণী ফরম এন্ট্রি করার পর তা যাচাই করে প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থী স্বাক্ষর করবে।
- ❖ ফরম পূরণের নিয়মাবলী ও তথ্যাদিসহ বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.nu.edu.bd অথবা www.nu.edu.bd/203 দেয়া আছে। প্রয়োজনে ডাউনলোড করে নেয়া যাবে। যে কোন তথ্যের জন্য E-mail: **nuh203@ gmail.com** নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
- ❖ তৃতীয় বর্ষ অনার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথা সময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। সুতরাং যথাসময়ে কলেজ কে ডাটা এন্ট্রি করতে হবে।

## ৬। বিবরণী ফরম জমাদানের নিয়মাবলী ঃ

- বিবরণী ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি প্রিন্টআউট নিয়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তক স্বাক্ষর হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক সংরক্ষণ উপযোগী বাঁধাই করে তার উপর কলেজের নাম ও অনার্স বিষয়ের নাম সুস্পষ্ট করে লিখে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং তার ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। বাঁধাইকৃত বিবরণী ফরম **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, তৃতীয় বর্ষ অনার্স শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে।**
- আঞ্চলিক কেন্দ্রের ঠিকানাঃ

| | | |
|---|---|---|
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রাজশাহী**<br>বাড়ী # ০৫, রোড # ০১, গ্রীণ ভিলা, পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী।<br>ফোনঃ ০৭২১-৭৬২১৪১<br>মোবাইল -০১৭২৯৯৯৮৯১৮ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রাম**<br>মাষ্টার কটেজ,বাড়ী # ৪৩,রোড#০১, ভিআইপি এইচ/এস দক্ষিন খুলশি, চট্টগ্রাম-৪০০০।<br>ফোনঃ ০৩১-২৮৫৫৮২৮,০১৭১১৬৬৫০৭৩ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র সিলেট**<br>আহাদ ভিলা, পাঠানটুলি পয়েন্ট, সিলেট।<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২ |
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র খুলনা**<br>বাড়ী # ২৭৭, রোড # ০১, সোনাডাঙ্গা আবাসিক এলাকা-২, সোনাডাঙ্গা ,<br>খুলনা-৯১০০।<br>ফোনঃ ০৪১-৭৩১৬৭৩ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র বরিশাল**<br>হোল্ডি নং # ১০০০, ওয়ার্ড # ১২, মেডিক্যাল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা,<br>বরিশাল-৮২০০।<br>ফোনঃ ০৪৩১-৬১১৬৮, ০১৭১৫৫৭৭৭০৫ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রংপুর**<br>বাড়ী # ৩৯০, জি এল রায় রোড, কামাল কাছনা, রংপুর ৫৪০০।<br>ফোনঃ ০৫২১-৫৬০১৫,০১৮১৭৫৭২০১০ |
| **ঢাকা বিভাগের জন্য ঃ** তৃতীয় বর্ষ অনার্স শাখা, পরীক্ষা ভবন-১, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। | | |

## ৭। ইন-কোর্স নম্বর প্রেরণঃ

ওয়েব সাইটে নির্দিষ্ট সফ্টওয়ার এবং তার নির্দেশনা অনুযায়ী ইন-কোর্স নম্বর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সফ্টওয়ারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর এবং প্রাপ্ত মোটনম্বর এন্ট্রি হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক ০২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে। উক্ত প্রিন্ট কপি দুইটি বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষর হওয়ার পর এক কপি **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক তৃতীয় বর্ষ অনার্স শাখায় তত্ত্বীয় পরীক্ষা শেষ হওয়ার পূর্বেই** হাতে হাতে জমা দিতে হবে এবং অন্য কপিটি কলেজ সংরক্ষণ করবে।

## ৮। ব্যবহারিক নম্বর প্রেরণঃ

ওয়েব সাইটে নির্দিষ্ট সফ্টওয়ার এবং তার নির্দেশনা অনুযায়ী ব্যবহারিক নম্বর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সফ্টওয়ারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর এবং প্রাপ্ত মোটনম্বর এন্ট্রি হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক ০২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে। উক্ত প্রিন্ট কপি দুইটি বিভাগীয় প্রধান,আন্তঃ পরীক্ষক ও বহিঃ পরীক্ষকের স্বাক্ষর হওয়ার পর এক কপি **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক তৃতীয় বর্ষ অনার্স শাখায়** হাতে হাতে জমা দিতে হবে এবং অন্য কপিটি কলেজ সংরক্ষণ করবে।

## ৯। পরীক্ষক নিয়োগঃ

যে সকল শিক্ষকগণ **TMIS** এ আওতাভুক্ত হয়েছেন তাদের ভিতর থেকে তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা ২০১৪ এর প্রধান পরীক্ষক ও পরীক্ষক নিয়োগ করা হবে। যে সকল শিক্ষকগণ এখন পর্যন্ত **TMIS** এর আওতাভুক্ত হয় নাই তারা আগামী ১৯/০১/২০১৬ তারিখের ভিতর **TMIS** এর আওতাভুক্ত হতে হবে।

## ১০। পরীক্ষা পরিচালনা ব্যয় নির্বাহ ঃ

- কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র ও দ্রব্যাদি গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ৬০% কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে) নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ৪০% অর্থ দ্বারা সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।
- ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে। ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষাশেষে যথাসময়ে জানানো হবে।

**পরীক্ষার সময়সূচী, ফরম পূরণের নিয়মাবলী, বিষয়/কোর্স কোডের তালিকা এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/203 অথবা www.nu.edu.bd থেকে জানা যাবে।**

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন # ০২-৯২৯১০১৭

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/৩য় বর্ষ অনার্স/বিজ্ঞপ্তি/০২/২০১৪/২০১৫/৭৩৪

তারিখ ঃ ১৯ অগ্রহায়ন ১৪২২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০১৫ খ্রস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ**

০১। প্রো-ভাইস চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০২। ট্রেজারার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০৩। ডীন (সকল), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০৪। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০৫। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
০৬। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৭। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
০৮। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
০৯। অধ্যক্ষ, অনার্স পাঠদানকারী কলেজসমূহ। (সংশ্লিষ্ট সকলকে জরুরীভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
১০। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। উপ-পরিচালক, অভ্যান্তরীন নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর।
১৩। অফিস কপি।

(মোঃ কামরুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
তৃতীয় বর্ষ অনার্স
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ০২-৯২৯১০৪১